# জে এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বাংলাদেশ ও বিশ্বপরিচয় — বিষয় কোড: | ১ | ৫ | ০ |

সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট; — মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. জসিম সাহেব একজন সরকারি কর্মকর্তা। সুযোগ পেলেই তিনি ছেলে সুমন ও মেয়ে রিমাকে নিয়ে সোমপুর বিহার ও চন্দ্রঘোনার কাছে চিৎমরম বৌদ্ধবিহার দেখতে যান। ওরা ঐসব স্থানে গিয়ে বৌদ্ধমূর্তি, প্রচীনকালের সমাজজীবনের ছবি, নারীদের অলংকার, বিভিন্ন বংশের রাজাদের ব্যবহৃত আসবাবপত্র ইত্যাদি দেখতে পায়। জসীম সাহেব চান, তার সন্তানেরা নিজের দেশের প্রাচীন ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কে জানুক এবং জ্ঞান সমৃদ্ধ হউক।

ক. শিল্পকলা কাকে বলে? ১

খ. "বাংলা চিরকালই সংগীতের দেশ" বুঝিয়ে লেখ। ২

গ. সুমন ও রিমার দেখা নিদর্শনগুলো কোন ধরনের সম্পদ? ব্যাখ্যা কর। ৩

ঘ. "সুমন ও রিমার দেখা নিদর্শনগুলোর মাধ্যমে প্রাচীন বাংলার ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কে ধারণা লাভ করা সম্ভব" মূল্যায়ন কর। ৪

২. নিচের চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।




রেখাচিত্র-০১

ক. বার ভূঁইয়ারা কত সালে পরাজিত হয়? ১

খ. মুসলমানরা "মুসলিম লীগ" নামক রাজনৈতিক সংগঠন গড়ে তোলে কেন? ২

গ. রেখাচিত্র-০১ এ নির্দেশিত ১ম ধাপ বাংলায় ইংরেজ শক্তির উত্থানের কোন ঘটনাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "রেখাচিত্র-০১ এর ৩য় ধাপ হল ১ম ও ২য় ধাপের চূড়ান্ত ফলাফল"— তোমার মতামত উপস্থাপন কর। ৪

৩. শফিক ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এম. এ. পাস করে তার নিজ গ্রাম সখিপুরে ফিরে যান এবং একটি প্রাথমিক ও একটি মাধ্যমিক বিদ্যালয় গড়ে তোলেন এবং গ্রামের মানুষের মধ্যে শিক্ষার আলো প্রজ্জ্বলিত হয়। ধীরে ধীরে সমাজ থেকে সতীদাহ প্রথা, বাল্যবিবাহ দূর হয় এবং বিধবা বিবাহ প্রচলন হয়। এভাবে উন্নত সখিপুর গড়ে ওঠে।

ক. আলিবর্দী খান কখন মারা যান? ১

খ. উপনিবেশিক শাসন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত পরিস্থিতির মতে, উনবিংশ শতাব্দীতে বাংলায় কীসের উদ্ভব ঘটেছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. শফিকের চেতনার সাথে উনবিংশ শতাব্দীর ভারতীয় মনীষীদের চেতনার মিল রয়েছে? বিশ্লেষণ কর। ৪

৪. আরিফ ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এম. এ. পাশ করে তার উপজেলা শহরে ফিরে যায়। সেখানে সে স্থানীয় লোকজনের সহায়তায় একটি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করে দেশের মানব সম্পদ উন্নয়নে কাজ করে যাচ্ছে। অপর দিকে তার বন্ধু জারিফ কানাডায় একটি কোম্পানিতে চাকরি করে এবং সে প্রতিমাসে তার অর্জিত অর্থের একটি অংশ ব্যাংকের মাধ্যমে তার পরিবারের প্রয়োজন মেটানোর জন্য পাঠায়।


ক. PCI - এর পূর্ণরূপ লিখ। ১

খ. উৎপাদন ও আয়-বৃদ্ধির মূল লক্ষ্য কী? ব্যাখ্যা কর। ২

গ. আরিফ কোন উপায়ে মানব সম্পদ উন্নয়নে কাজ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জারিফের পাঠানো অর্থ শুধু কি জারিফের পরিবারের প্রয়োজন মেটায়? মতামত দাও। ৪

৫. নিচের চিত্রগুলো লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।




চিত্র-০১ চিত্র-০২

ক. বাংলাদেশে কতটি মহানগর আছে? ১

খ. স্থানীয় সরকার গুরুত্বপূর্ণ কেন? ২

গ. উপরের চিত্র-০১ কোন সরকার ব্যবস্থাকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্র-০১ এবং চিত্র-০২ এর মধ্যে কোনটি বাংলাদেশের জন্য অধিক প্রযোজ্য? বিশ্লেষণ কর। ৪

৬. **ঘটনা-১ :** আরিফ তার মামা বাড়ি কক্সবাজারে বেড়াতে গিয়ে লক্ষ করে হঠাৎ ভারী ও দীর্ঘ মেয়াদী বৃষ্টিপাতের কারণে ঘরবাড়ি মাটির নিচে চাপা পরতে দেখে এবং প্রাণহানির ঘটনাও ঘটে।

**ঘটনা-২ :** রিপন তার দাদা বাড়ি সিরাজগঞ্জ বেড়াতে গিয়ে একটি নদীর পারে যায়। সেখানে সে লক্ষ করে পানির স্রোতে কৃষকদের ঘর-বাড়ি, জমি-জমা এবং ফসলি ক্ষেত নদী গর্ভে বিলীন হয়ে যাচ্ছে।

ক. সুনামি কী? ১

খ. বাংলাদেশের বৈশ্বিক উষ্ণায়নের একটি প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. ঘটনা-১ এ নির্দেশিত দুর্যোগ মোকাবিলার প্রস্তুতি ব্যাখ্যা কর। ৩

ঘ. ঘটনা-২ এ নির্দেশিত দুর্যোগ কবলিত জনপদ রক্ষার উপায় বিশ্লেষণ কর। ৪

৭. সুমির বাবা মুক্তিযুদ্ধের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করতেন। পাকিস্তানিদের শোষণ, নির্যাতন ও বঞ্চনার হাত থেকে মুক্তির জন্য বঙ্গবন্ধুর ডাকে সাড়া দিয়ে মুক্তিযোদ্ধা হিসেবে নিজের নাম লেখান এবং সুমির বাবা ও তার কয়েকজন সহপাঠী প্রতিবেশী দেশে গিয়ে প্রশিক্ষণ নেন। প্রশিক্ষণ শেষে দেশে ফিরে সক্রিয়ভাবে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন এবং দেশ স্বাধীন করেন।


ক. জাতীয় পতাকা দিবস কবে? ১

খ. বাংলাদেশের মুক্তিযুদ্ধকে গণযুদ্ধ বলা হয় কেন? ২

গ. সুমির বাবা বাংলাদেশের মুক্তিযুদ্ধের কোন বাহিনীর সদস্য ছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. সুমির বাবা যে দেশ থেকে প্রশিক্ষণ নিয়ে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছিলেন মুক্তিযুদ্ধে সে দেশের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮. নিচের চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নোগুলোর উত্তর দাও।



চিত্র-১

ক. সুনামি কী? ১

খ. বৈশ্বিক উষ্ণায়ন বলতে কী বোঝায়? ২

গ. চিত্র-১ বৈশ্বিক উষ্ণায়ন বৃদ্ধির কোন কারণটিকে চিহ্নিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত কারণটিই বৈশ্বিক উষ্ণায়ন বৃদ্ধির একমাত্র কারণ? তোমার মতামত উপস্থাপন কর। ৪

৯. মধুপুর গ্রামের অধিবাসীরা সকলে এক হয়ে একটি সমবায় সমিতি গঠন করে। সমিতির কিছু নিয়মনীতি তৈরি করে। নিয়মগুলোর চারটি ভাগ, ৩০টি অনুচ্ছেদ ছিল। ১ম ভাগে সমবায় সমিতির কাজ, লক্ষ্য ও উদ্দেশ্য, ২য় ভাগে সমিতি পরিচালনার মূলনীতি, ৩য় ভাগে অপরাধের শাস্তি ও ৪র্থ ভাগে অন্যান্য বিষয়াবলি আলোচনা করা হয়েছে। এ নিয়মনীতিগুলো একটি লিখিত দলিল। এর ফলে মধুপুর গ্রামের সমবায় সমিতি সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে এবং গ্রামের উন্নয়নে অবদান রাখছে।

ক. খসড়া সংবিধান কখন গণপরিষদে চূড়ান্তভাবে অনুমোদন পায়? ১

খ. সরকারকে রাষ্ট্রের মূল চালিকা শক্তি বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের বিষয়ের সাথে তোমার পাঠ্যবইয়ে যে বিষয়ের মিল রয়েছে তা প্রণয়নের ইতিহাস ব্যাখ্যা কর। ৩

ঘ. "মধুপুর গ্রামবাসীর সমবায়-সমিতির নিয়মনীতির মত ১৯৭২ সালের সংবিধানের মাধ্যমে জাতির আশা আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেছে।"— উক্তিটি মূল্যায়ন কর। ৪

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১৫০

[বি: দ্র: সরবরাহকৃত উত্তরপত্রে বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসমূহ হতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান-১।]

১. রাষ্ট্র কোন ধরনের প্রতিষ্ঠান?
ক সামাজিক খ রাজনৈতিক
গ অর্থনৈতিক ঘ বেসরকারি

২. বাংলাদেশের সংবিধান প্রণীত হয় কোন মাসে?
ক সেপ্টেম্বর খ অক্টোবর
গ নভেম্বর ঘ ডিসেম্বর

৩. বাঙালি জাতীয়তাবাদের ভিত্তি কোনটি?
ক ধর্মীয় ঐক্য খ ভ্রাতৃত্ববোধ
গ শৃঙ্খলাবোধ ঘ ঐক্য ও সংহতি

৪. পৌরসভার মৌলিক কাজ হলো—
i. জনস্বাস্থ্য রক্ষা
ii. বিচার সংক্রান্ত কাজ
iii. শিক্ষাসহ জনকল্যাণমূলক কাজ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. শাসন বিভাগের প্রধান কে?
ক প্রধানমন্ত্রী খ রাষ্ট্রপতি
গ প্রধান বিচারপতি ঘ মন্ত্রিপরিষদ সচিব

৬. বিশ্বের কোন দেশগুলো অধিকহারে জীবাশ্ম জ্বালানি ব্যবহার করে পরিবেশ নষ্ট করছে?
ক উন্নত খ অনুন্নত
গ দরিদ্র ঘ উন্নয়নশীল

৭. পরিবেশ ভয়ানকভাবে বিপন্ন হওয়ার কারণ হলো—
ক কুয়াশা খ উষ্ণায়ন
গ শৈত্যপ্রবাহ ঘ ভূমিক্ষয়

৮. দুর্যোগে ক্ষয়ক্ষতির মাত্রাকে অনেকাংশে কমিয়ে আনতে হলে কোনটি প্রয়োজন?
ক নীতিমালা প্রণয়ন খ নীতিমালা অনুমোদন
গ নীতিমালা বাস্তবায়ন ঘ পূর্বপ্রস্তুতি গ্রহণ

৯. বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির কারণ—
i. কালো ধোঁয়া
ii. যান্ত্রিক সেচ
iii. কম্পিউটারের প্রভাব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. জাপানের উত্তর-পূর্ব এলাকায় কত সালে ভয়াবহ সুনামি সংঘটিত হয়?
ক ২০০৮ খ ২০০৯
গ ২০১০ ঘ ২০১১

১১. মনুষ্যসৃষ্ট গ্যাস কোনটি?
ক অক্সিজেন খ মিথেন
গ কার্বন ঘ সিএফসি

১২. সূর্যের অতি বেগুনি রশ্মি শোষণ করে বায়ুমণ্ডলের কোন স্তর?
ক ট্রপোস্ফিয়ার খ ওজোন স্তর
গ মেসোস্ফিয়ার ঘ ট্রপোসম

১৩. বাংলাদেশের জনগণের মাথাপিছু আয় কত?
ক ১১৯০ খ ১২৯০
গ ১৩৯০ ঘ ১০৯০

১৪. বেসরকারি সংস্থাগুলো জনগণকে সচেতন করার জন্য যেসব উপকরণ ব্যবহার করে—
i. পোস্টার ii. ডকুমেন্টারি ফিল্ম
iii. ডায়েরি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. একটি দেশের উন্নয়নের সঙ্গে কোনটি জড়িত?
ক পরিবেশ খ জনসংখ্যা
গ মাথাপিছু আয় ঘ প্রশিক্ষণ আয়

১৬. সরকার নাগরিকদের কোন ধরনের সেবা নিশ্চিত করার পরিকল্পনা নিয়েছে?
ক স্বাস্থ্য সেবা খ প্রযুক্তি সেবা
গ চিকিৎসা সেবা ঘ পুষ্টিবিষয়ক সেবা

১৭. ভারতে কিশোর অপরাধের বয়সসীমা কত?
ক ৭-১৬ খ ১-১৮
গ ৮-১৮ ঘ ১৪-২০

১৮. কোথায় শিশুদের সুস্থ মানসিক বিকাশের উপযুক্ত পরিবেশ সৃষ্টি করতে হবে?
ক পরিবারে খ সমাজে
গ বিদ্যালয়ে ঘ রাষ্ট্রে

১৯. মাদকমুক্ত সমাজ গঠনে দরকার—
i. গণসচেতনতা
ii. কঠোর আইন
iii. নেশাজাতীয় দ্রব্যের উৎপাদন বন্ধ করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:**
বাংলাদেশের একটি ক্ষুদ্র জাতিসত্তার মূল অংশ হচ্ছে পরিবার। তারা মঙ্গোলীয় নৃগোষ্ঠীর। তাদের প্রিয় খাদ্য বাঁশ কোড়ল।

২০. উদ্দীপকে কোন জাতিসত্তার কথা বলা হয়েছে?
ক গারো খ চাকমা
গ মারমা ঘ সাঁওতাল

২১. উক্ত জনগোষ্ঠীর দৈহিক বৈশিষ্ট্য হলো—
i. মুখমণ্ডল গোলাকার
ii. চুল ঈষৎ ঢেউ খেলানো
iii. নাক চ্যাপ্টা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓚh i ও iii
ⓖ ii ও iii　ⓖh i, ii ও iii

২২. গারো সমাজে একই মাহারির মধ্যে কোনটি নিষিদ্ধ?
ⓚ বিয়ে　ⓚh বন্ধুত্ব
ⓖ আমন্ত্রণ　ⓖh নিমন্ত্রণ

২৩. গারো পুরুষদের ঐতিহ্যবাহী পোশাকের নাম কী?
ⓚ পিনোন　ⓚh হাদি
ⓖ গান্দো　ⓖh দকমান্দা

২৪. সাঁওতালদের সমাজে পঞ্চায়েত পরিচালনার জন্য কয়জন মাঝি পরানিক রয়েছে?
ⓚ ২ জন　ⓚh ৩ জন
ⓖ ৪ জন　ⓖh ৫ জন

২৫. বিশ শতকের প্রথম দিকে কোন বিদ্রোহ উপমহাদেশের একটি গুরুত্বপূর্ণ ঘটনা?
ⓚ মারমা বিদ্রোহ　ⓚh সাঁওতাল বিদ্রোহ
ⓖ চাকমা বিদ্রোহ　ⓖh রাখাইন বিদ্রোহ

২৬. বাংলাদেশের ক্ষুদ্র জাতিসত্তার প্রধান একটি অংশ বাস করে—
i. রাঙামাটি　ii. খাগড়াছড়ি
iii. বান্দরবান
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓚh i ও iii
ⓖ ii ও iii　ⓖh i, ii ও iii

২৭. মারমারা গ্রামকে তাদের ভাষায় কী বলে?
ⓚ পঞ্চায়েত　ⓚh রোয়া
ⓖ রোয়াজা　ⓖh বিজু

২৮. রাখাইনদের সর্বাপেক্ষা বৃহৎ সর্বজনীন আনন্দ উৎসব কোনটি?
ⓚ ওয়ানগাল　ⓚh সাংগ্রাই
ⓖ বিজু　ⓖh সান্দ্রে

২৯. বর্তমানে দেশে কয়টি পাটকল আছে?
ⓚ ৭৫টি　ⓚh ৭৬টি
ⓖ ৭৭টি　ⓖh ৭৮টি


৩০. বাংলাদেশে তৈরি পোশাক শিল্পে কত লক্ষ শ্রমিক কাজ করছে?
ⓚ ৩০ লক্ষ　ⓚh ৪০ লক্ষ
ⓖ ৫০ লক্ষ　ⓖh ৬০ লক্ষ

৩১. কীসের সমন্বয়ে সিমেন্ট উৎপাদিত হয়?
ⓚ চুনাপাথর ও সিলিকা বালি
ⓚh চুনাপাথর ও প্রাকৃতিক গ্যাস
ⓖ প্রাকৃতিক গ্যাস ও কঠিন শিলা
ⓖh শ্বেত মৃত্তিকা ও কঠিন শিলা

৩২. জীববৈচিত্র্য রক্ষার জন্য করণীয়সমূহ হলো—
i. জনসংখ্যা কমিয়ে আনা
ii. স্বাভাবিক পানি প্রবাহ বন্ধ করা
iii. পশু ও মৎস্য সম্পদ রক্ষা ও বৃদ্ধি করতে হবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓚh i ও iii
ⓖ ii ও iii　ⓖh i, ii ও iii

৩৩. প্রথম প্রাকৃতিক গ্যাস ভিত্তিক সার কারখানা প্রতিষ্ঠিত হয়?
ⓚ গোপালপুরে　ⓚh ফেঞ্চুগঞ্জে
ⓖ দিনাজপুরে　ⓖh চট্টগ্রামে

নিচের উদ্দীপকটি পড়ে ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও:




৩৪. উপরের ? চিহ্নিত স্থানে কী হবে?
ⓚ FAO　ⓚh WHO
ⓖ UNESCO　ⓖh UNEPA

৩৫. উক্ত সংস্থাটি বাংলাদেশের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে—
i. নিরক্ষরতা দূরীকরণে
ii. বয়স্কদের শিক্ষা প্রদানে
iii. সোমপুর বৌদ্ধবিহার সংরক্ষণে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓚh i ও iii
ⓖ ii ও iii　ⓖh i, ii ও iii

৩৬. জলপাই পাতা কিসের প্রতীক?
ⓚ যুদ্ধের　ⓚh নিরাপত্তার
ⓖ অধিকারের　ⓖh শান্তির

৩৭. আন্তর্জাতিক আদালত বলতে বোঝায়—
ⓚ জাতিসংঘের বিচারালয়　ⓚh জাতিসংঘের সচিবালয়
ⓖ ইউরোপিয়ান বিচারালয়　ⓖh এশিয়ান বিচারালয়

৩৮. আমেরিকার নেতৃত্বে গঠিত সংস্থা কোনটি?
ⓚ ন্যাম　ⓚh ন্যাটো
ⓖ ইউনেস্কো　ⓖh ইউনিসেফ

৩৯. WHO শিশুদের কয়টি ঘাতক রোগ প্রতিরোধে কাজ করছে?
ⓚ ৪টি　ⓚh ৫টি
ⓖ ৬টি　ⓖh ৭টি

৪০. বাংলাদেশ কত সালে OIC এর সদস্যপদ লাভ করে?
ⓚ ১৯৭৪　ⓚh ১৯৭৫
ⓖ ১৯৭৬　ⓖh ১৯৮১

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | খ |
| | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | ঘ | ৩৩ | ঘ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | গ | ৪০ | ক |